আ.লীগের কর্মসূচির জন্য রাখা ৫০০ প্যাকেট খিচুড়ি জব্দ



ছবি: সংগৃহীত

শরীয়তপুরের জাজিরায় একটি দোকান থেকে ৫০০ প্যাকেট রান্না করা খিচুড়ি জব্দ করেছে পদ্মা সেতু (দক্ষিণ) থানা পুলিশ। আগামী ১০ নভেম্বর আওয়ামী লীগ ও ছাত্রলীগের ঘোষিত কর্মসূচিতে অংশ নেওয়া নেতাকর্মীদের খাবার হিসেবে এগুলো রাখা হয়েছিল বলে ধারণা পুলিশের।

সোমবার (৯ নভেম্বর) রাতে উপজেলার নাওডোবা বাজারের সুলতান কাজীর দোকানে অভিযান চালিয়ে এসব খিচুড়ি জব্দ করা হয়। অভিযানে নেতৃত্ব দেন অতিরিক্ত পুলিশ সুপার (নড়িয়া-জাজিরা সার্কেল) মহিউদ্দিন মিরাজ ও থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুস সালাম।

অতিরিক্ত পুলিশ সুপার মহিউদ্দিন মিরাজ বলেন, খিচুড়িগুলোর মালিক পাওয়া গেলে যাচাই করে সেগুলো ফেরত দেওয়া হবে। অন্যথায় স্থানীয় এতিমখানা ও মাদ্রাসায় বিতরণ করা হবে।

LENS ASIA